# আন্দামান ও নিকোবরে টিসিআই

কোভিড-১৯'এর দ্বিতীয় ঢেউ চলাকালীন অতিমারি প্রতিরোধ করতে আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জে সহযোগিতার হাত প্রসারিত করল ট্রান্সপোর্ট কর্পোরেশন অব ইন্ডিয়া (টিসিআই)। টিসিআই সীওয়েজ ডিভিশন ও সিএসআর শাখা টিসিআই ফাউন্ডেশনের মাধ্যমে টিসিআই ১০ লিটার ক্যাপাসিটির ১৫০টি অক্সিজেন কনসেন্ট্রেটর প্রদান করেছে। এই উদ্যোগে টিসিআই গ্রুপের প্রতিনিধিত্ব করেন টিসিআই সীওয়েজের ভাইস - প্রেসিডেন্ট পিকে কৌশিক। এইরকম সমাজ সেবামূলক কাজে যুক্ত থাকার জন্য টিসিআইয়ের পক্ষ থেকে ধন্যবাদ জানানো হয়েছে চিফ সেক্রেটারি, ডেপুটি কমিশনার ও সংশ্লিষ্ট অন্যান্য সরকারি আধিকারিকদের। সুনীল আঞ্চিপাকা (ডেপুটি কমিশনার ও নোডাল অফিসার), হরি কালিকাট (অ্যাডিশনাল ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট), শ্রীমতি ইয়াসশ্বানি (অ্যাসিস্ট্যান্ট কমিশনার), চন্দ্রমণি রাউত (চিফ পোর্ট অ্যাডমিনিস্ট্রেটর, পোর্ট ম্যানেজমেন্ট বোর্ড, এঅ্যান্ডএন অ্যাডমিনিস্ট্রেশন), সুরেন্দ্র প্রহ্লাদকা (প্রেসিডেন্ট), মহঃ যাদওয়েট (পাস্ট প্রেসিডেন্ট), গিরীশ অরোরা (পাস্ট প্রেসিডেন্ট), পি জে শেখর (সিনিয়র ভাইস-প্রেসিডেন্ট) ও চন্দ্রশেখর (ভাইস-প্রেসিডেন্ট, আন্দামান চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, পোর্টব্লেয়ার) অক্সিজেন কনসেন্ট্রেটর প্রদান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। প্রসঙ্গত, বিগত কয়েক দশক ধরে টিসিআই গ্রুপ সবসময়েই আন্দামান ও নিকোবরের মানুষের সঙ্গে রয়েছে।